

P.G. Semester-IV Examination, 2023**বাংলা****Course ID : 40152****Course Code : BNG/402/C****Course Title : রবীন্দ্র উপন্যাস ও রবীন্দ্র পত্রসাহিত্য****বিশেষ পত্র : রবীন্দ্র-সাহিত্য**

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'গোরা' উপন্যাসে সমকালীন যে বঙ্গীয় সমাজবাস্তবতা বিধৃত হয়েছে—সে সম্পর্কে তোমার মতামত দাও।

খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ঘরে বাইরে' উপন্যাসের নিখিলেশ চরিত্রের মাত্রাগুলি চিহ্নিত করো।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) 'গোরা' উপন্যাস কীভাবে রবীন্দ্রনাথ ঠাকুরের ভারত-জিজ্ঞাসার মহাআখ্যানে পরিণত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও।

খ) 'চতুরঙ্গ' উপন্যাসের কথনশৈলীর পরিচয় দাও।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) 'ছিন্নপত্র'-এর পাঠ্য পত্রগুলি অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুরের মতপ্রীতির পরিচয় দাও।

খ) 'ছিন্নপত্র'-এর পত্রগুলির মধ্যে রবীন্দ্রনাথের অনেক ছোটগল্পের বীজ প্রচ্ছন্ন আছে— উক্তিটির যথার্থতা প্রতিপাদন করো।

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) 'গোরা' উপন্যাসের আখ্যানে চরঘোষপুর বৃত্তান্তের তাৎপর্য বিশ্লেষণ করো।

খ) 'ঘরে বাইরে' উপন্যাসের আখ্যানের গতিপ্রকৃতিকে নিয়ন্ত্রণ করেছে বিমলার যৌন মনস্তত্ত্ব—উক্তিটির যৌক্তিকতা সংক্ষেপে বিচার করো।

গ) 'চতুরঙ্গ' উপন্যাসের জ্যাঠামশাই চরিত্রের গুরুত্ব পর্যালোচনা করো।

ঘ) 'ছিন্নপত্র' গ্রন্থের পাঠ্য পত্রগুলির ভাষারীতির বিশিষ্টতার দিকগুলি বুঝিয়ে দাও।